শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আঞ্চলিক পরিচালকের কার্যালয়
কারিগরি শিক্ষা অধিদপ্তর
খুলনা বিভাগ, খুলনা-৯০০০।
ওয়েব সাইট : www.rdodtekhulna.gov.bd

স্মারক নং ঃ ৫৭.০৩.৩৩৪৫.১০১.১৯.০০১.২২. ৩২ — তারিখ ঃ ১২/০১/২০২২ খ্রি.

বরাবর,
মহাপরিচালক,
কারিগরি শিক্ষা অধিদপ্তর,
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা,
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

দৃষ্টি আকর্ষণ ঃ পরিচালক (ভোকেশনাল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

বিষয় ঃ খানজাহান আলী টেকনিক্যাল ও বিএম কলেজ, ফুলবাড়ীগেট, খুলনা পরিদর্শন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে মহোদয়ের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী গত ২৯.১১.২০২১ খ্রি. তারিখ কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন খানজাহান আলী টেকনিক্যাল ও বিএম কলেজ, ফুলবাড়ীগেট, খুলনা সরেজমিনে পরিদর্শন করেন। উক্ত প্রতিষ্ঠান পরিদর্শনের প্রতিবেদন সংযুক্তপত্রে মহোদয়ের বরাবর প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

স্বাঃ-
(মোঃ ইসরাইল হোসেন)
পরিচালক (উপসচিব)
কারিগরি শিক্ষা অধিদপ্তর,
খুলনা বিভাগ, খুলনা-৯০০০।

স্মারক নং ঃ ৫৭.০৩.৩৩৪৫.১০১.১৯.০০১.২২. ৩২(২০) — তারিখ ঃ ১২/০১/২০২২ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১। পরিচালক (প্রশাসন/পলিটেকনিক), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
২। চেয়ারম্যান, কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪। সচিব, কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।
৫। কারিকুলাম বিশেষজ্ঞ (বিএম), কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।
৬। সহকারী পরিচালক (প্রশাসন ও ভোকেশনাল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৭। সভাপতি/অধ্যক্ষ, খানজাহান আলী টেকনিক্যাল ও বিএম কলেজ, ফুলবাড়ীগেট, খুলনা।
৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা (আইসিটি সেল), অত্র দপ্তর।
৯। নোটিশ বোর্ড, অত্র দপ্তর।
১০। সংরক্ষণ নথি।

12.1.022

(মোঃ ইসরাইল হোসেন)
পরিচালক (উপসচিব)
কারিগরি শিক্ষা অধিদপ্তর,
খুলনা বিভাগ, খুলনা-৯০০০।
ই-মেইল: rdokhulna@gmail.com
ফোনঃ ০২৪৭৭৭০০৩৪১

12.01.22

পরিদর্শন প্রতিবেদন

প্রতিষ্ঠানের নামঃ খানজাহান আলী টেকনিক্যাল ও বিএম কলেজ, ফুলবাড়ীগেট, খুলনা।

পরিদর্শনের তারিখঃ ২৯/১১/২০২১খ্রিঃ

পরিদর্শনকারী কর্মকর্তার নাম ঃ মোঃ ইসরাইল হোসেন (উপসচিব) ও পরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, খুলনা ।

অদ্য ২৯/১১/২০২১ খ্রিঃ তারিখ আমি মোঃ ইসরাইল হোসেন (উপসচিব) ও পরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, খুলনা কারিগরি শিক্ষা অধিদপ্তরধীন খুলনা বিভাগে অবস্থিত খানজাহান আলী টেকনিক্যাল ও বিএম কলেজ, ফুলবাড়ীগেট, খুলনা সরেজমিনে পরিদর্শন করি। পরিদর্শনের সময় অত্র দপ্তরের পরিদর্শক জনাব শেখ মুস্তাফিজুর রহমান এবং সহঃ পরিদর্শক জনাব সুসান্ত কুমার সাহা উপস্থিত ছিলেন। পরিদর্শনের সময় ক্লাশরুম ও ল্যাব সরেজমিনে দেখা হয়। পরিদর্শনের সময় শ্রেণি কার্যক্রম বন্ধ ছিল। এ সময় বিভিন্ন রেজিস্টার নিরীক্ষা করার জন্য চাইলে অধ্যক্ষ সাহেব দেখাতে পারেনি। পরিদর্শন কালে ক্যাশবহি,বিল ভাউচার, শিক্ষকদের ব্যক্তিগত ফাইল, স্থায়ী আমানতের ফাইল প্রতিষ্ঠানে নাই মর্মে জানা যায়। এ সকল ফাইল, রেজিস্টার সভাপতি সাহেবের বাসায় আছে মর্মে জানা যায়। প্রতিষ্ঠানের ফাইল ও রেজিস্টার কেন সভাপতির বাসায় সংরক্ষিত থাকবে এ প্রশ্নের কোন সন্তোষজনক জবাব অধ্যক্ষ সাহেব দিতে পারেনি।পরিদর্শনকালে যেসকল বিষয় দেখা হয় তার সংক্ষিপ্ত পর্যালোচনা দেয়া হলোঃ

ক্রঃ নং	বিষয়	বিবরণ	মন্তব্য
১	ক্লাশরুম/ওয়ার্কশপ/ ল্যাব বর্তমান অবস্থা	ক্লাশরুম পরিস্কার-পরিচ্ছন্ন এবং ব্যবহার উপযোগি। ওয়ার্কশপ ও ল্যাব এ পর্যাপ্ত জায়গার ও ইকুইপমেন্টের ঘাটতি রয়েছে।	ছাত্র-ছাত্রীদের ব্যবহারিক ক্লাসের জন্য ল্যাবের জায়গা ও ইকুইপমেন্ট ক্রয় করতে হবে।
২	যন্ত্রপাতিসমূহের বর্তমান অবস্থা	৭টি কম্পিউটার সচল অবস্থায় পাওয়া গেছে। ভর্তিকৃত ৭২ জন শিক্ষার্থীর জন্য ৭টি কম্পিউটার যথেষ্ট নয়।	ব্যবহারিক ক্লাসের জন্য পর্যাপ্ত যন্ত্রপাতি নেই। স্থানীয়ভাবে যন্ত্রপাতি সংগ্রহ করতে হবে।
৩	শিক্ষার্থী সংখ্যা	মোট শিক্ষার্থী সংখ্যা একাদশ শ্রেণিতে ৭২জন ও দ্বাদশ শ্রেণিতে ১১৫জন।	হিসাবরক্ষণ ও উদ্যোক্তা উন্নয়ন বিভাগে (০২ জন ও ১১ জন) পর্যাপ্ত শিক্ষার্থী নেই। পর্যাপ্ত শিক্ষার্থী ভর্তির ব্যবস্থা করতে হবে।
৪	আয় সংক্রান্ত	শিক্ষার্থীদের নিকট হতে রশিদের মাধ্যমে টাকা আদায় করা হয় কিন্তু আদায়কৃত টাকা নিয়মিত ব্যাংকে জমা প্রদান করা হয়না।	আদায়কৃত টাকা নিয়মিত ব্যাংকে জমা প্রদান করতে হবে।
৫	ক্রয় সংক্রান্ত	ক্রয়কমিটির মাধ্যমে ক্রয়কার্য সম্পাদন করা হয়। ক্রয় ভাউচার বিধি সম্মত হয়না।	বিধি মোতাবেক ক্রয় ভাউচার সংরক্ষণ করতে হবে।
৬	স্থায়ী আমানত	প্রতিষ্ঠানের নামে কোন স্থায়ী আমানত নেই। কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রণয়নকৃত বেসরকারি পর্যায়ে কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন, পাঠদান ও স্বীকৃতি নীতিমালা-২০১৭ এর ৪.১৫.১ ধারা মোতাবেক প্রতিষ্ঠানের নামে তিন লক্ষ টাকা স্থায়ী আমানতে বিনিয়োগের বিধান রয়েছে।	কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এর নীতিমালা লঙ্ঘন করা হয়েছে।
৭	প্রশাসনিক ও একাডেমিক মিটিং	০৮টি মিটিং হয়েছে বলে প্রতিষ্ঠান প্রধান বর্ণনা করেছেন। তবে এ সংক্রান্ত কোন রেজুলেশন খাতা দেখাতে পারেনি। প্রতিষ্ঠান প্রধান জানিয়েছেন রেজুলেশন খাতা প্রতিষ্ঠানে থাকেনা।	রেজুলেশন খাতা সার্বক্ষনিক প্রতিষ্ঠানে রাখতে হবে।
৮	শিক্ষক কর্মচারীদের নিয়োগ সংক্রান্ত	শিক্ষক কর্মচারীদের নিয়োগ সংক্রান্ত নিম্নবর্ণিত কাগজপত্র প্রতিষ্ঠানে পাওয়া যায়নি। ক) নিয়োগ বিজ্ঞপ্তি খ) প্রার্থীর আবেদন পত্র গ) নিয়োগ পরীক্ষার ফলাফল ঘ) নিয়োগ পত্র ঙ) যোগদান পত্র চ) নিয়োগ সংক্রান্ত রেজুলেশন,	এটি বিধি সম্মত নয়। নিয়োগ সংক্রান্ত সকল কাগজ পত্র প্রতিষ্ঠানে সার্বক্ষনিক রাখতে হবে এবং পরিদর্শনের সময় দেখাতে হবে।
৯	ক্যাশ বহি	প্রতিষ্ঠানে কোন ক্যাশবহি পাওয়া যায়নি। ফলে আয় ব্যয়ের কোন হিসাব পাওয়া যায়নি। প্রতিষ্ঠান প্রধান জানান ক্যাশবহি সভাপতির কাছে থাকে।	এটি বিধি সম্মত নয়। ক্যাশবহি সার্বক্ষনিক প্রতিষ্ঠানে রাখার নির্দেশনা প্রদান করা হলো।
১০	শিক্ষক কর্মচারীর ব্যক্তিগত ফাইল	শিক্ষক কর্মচারীর ব্যক্তিগত ফাইল প্রতিষ্ঠানে পাওয়া যায়নি।	এটি বিধি সম্মত নয়। ব্যক্তিগত ফাইল সার্বক্ষনিক প্রতিষ্ঠানে রাখার নির্দেশনা প্রদান করা হলো।

সুপারিশঃ

১। আগামী ৩১/০১/২০২২ খ্রিঃ তারিখের মধ্যে বিধি মোতাবেক স্থায়ী আমানতে বিনিয়োগ করে অত্র দপ্তরে বিনিয়োগের ফটোকপি প্রেরণ করতে হবে এবং মূলকপি সার্বক্ষনিক প্রতিষ্ঠানে সংরক্ষন করতে হবে।

২। কারিগরি শিক্ষার সম্প্রসারণ ও মানোন্নয়নের জন্য স্থানীয় জনপ্রতিনিধি ও প্রশাসনের সহযোগিতায় জোরদার প্রচার প্রচারণা চালাতে হবে।

৩। আদায়কৃত সকল অর্থ নিয়মিত ব্যাংকে জমা দিতে হবে। ক্রয় ভাউচার বিধিসম্মত ভাবে সংরক্ষন করতে হবে।

৪। সকল আয়-ব্যয়ের হিসাব ক্যাশবহিতে লিপিবদ্ধ করতে হবে এবং ক্যাশবহি প্রতিষ্ঠানে সংরক্ষন করতে হবে।

৫। শিক্ষক কর্মচারীদের নিয়োগ সংক্রান্ত সকল কাগজপত্র প্রতিষ্ঠানে সংরক্ষন করতে হবে।

৬। ব্যবহারিক ক্লাশ সুষ্ঠভাবে সম্পন্ন করার জন্য ল্যাবে কম্পিউটার সংখ্যা বৃদ্ধি করতে হবে।

৭। প্রতিষ্ঠানের রেজুলেশন খাতা প্রতিষ্ঠানে রাখতে হবে।

৮। কারিগরি শিক্ষার গুনগত মান পরিবর্তনের জন্য Daily lesson Plan করতে হবে। ব্যবহারিক ক্লাসের সংখ্যা বৃদ্ধি করতে হবে।

৯। আভ্যন্তরীনভাবে শিক্ষক কর্মচারীদের ইন হাউজ ট্রেনিং এর ব্যবস্থা করতে হবে।

প্রতিষ্ঠানের অধ্যক্ষসহ অন্যান্য মিক্ষক-কর্মচারীগণ পরিদর্শন কাজে সার্বিক সহযোগিতা করার জন্য আন্তরিক ভাবে ধন্যবাদ জানাচ্ছি।আমি প্রতিষ্ঠানের সার্বিক কল্যান কামনা করি।

13-1-022

(মোঃ ইসরাইল হোসেন)
পরিচালক (উপসচিব)
কারিগরি শিক্ষা অধিদপ্তর
খুলনা বিভাগ, খুলনা-৯০০০।